সংবাদ

তারিখ 20 MAY 2016
পৃষ্ঠা 4 কলাম 1

# সেলিম ওসমানের শাস্তি হওয়া উচিত : নাসিম

নিজস্ব বার্তা পরিবেশক

নারায়ণগঞ্জের শিক্ষককে কান ধরে উঠবস করানোর ঘটনায় স্থানীয় সংসদ সদস্য সেলিম ওসমানকে উদ্দেশ্য করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সেই শিক্ষক যদি অন্যায় করেই থাকেন তাহলে আইন আছে। তাকে আইনের হাতে দিতে পারতেন, কিন্তু তা না করে নিজেই বিচার করেছেন। আপনি বিচার করার কে? আপনি আইন নিজের হাতে তুলে নিতে পারেন না। একজন সংসদ সদস্য প্রকাশ্যে যে কাজটি করেছেন, এটা ক্ষমাহীন অপরাধ।

গতকাল স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৩৫তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বিকেলে বিএমএ মিলনায়তনে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

স্বাচিপের সভাপতি অধ্যাপক ডা. ইকবাল আর্সনালের সভাপতিত্বে সভায় সাবেক সংসদ সদস্য ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, আওয়ামী লীগের স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. বদিউজ্জামান ভূঁইয়া ডাবলু, বিএমএ সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসান, স্বাচিপের সাধারণ সম্পাদক অধ্যাপক ডা. আবদুল আজিজ, সহ-সভাপতি অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক ডা. উত্তম কুমার বড়ুয়া প্রমুখ বক্তব্য রাখেন।

মোহাম্মদ নাসিম বলেন, এই ঘটনা ঘটিয়ে স্থানীয় সংসদ সদস্য এমপি সমাজকে আপমানিত করেছেন। তিনি যে কাজটি করেছেন, সংসদ সদস্য হিসেবে তার মর্যাদা তিনি রক্ষা করতে পারেননি। বরং অন্য সংসদ সদস্যদের মর্যাদাও ক্ষুণ্ন করেছেন। এর জন্য তার শাস্তি হওয়া উচিত।

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়াকে উদ্দেশ্য করে মোহাম্মদ নাসিম বলেন, ষড়যন্ত্রের খেলা বন্ধ করুন। খেলতে চাইলে সোজা পথে আসুন। সোজাপথে খেলার জন্য প্রস্তুতি গ্রহণ করুন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ষড়যন্ত্র করে তো সফল হতে পারছেন না। তাই ২০১৯ সালের নির্বাচনের মাঠে খেলার জন্য প্রস্তুতি গ্রহণ করুন।

মোসাদের সঙ্গে বিএনপি নেতা আসলাম চৌধুরীর বৈঠকের প্রসঙ্গে তিনি বলেন, বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক বিদেশে বসে মোসাদের কুখ্যাত গোয়েন্দা বাহিনীর সঙ্গে নির্বাচিত সরকারকে উৎখাতে বৈঠক করেছেন।

এতে সমগ্র বাংলাদেশের মানুষ বিস্মিত হয়েছে, মর্মাহত হয়েছে। ইসরায়েল লাখ লাখ প্যালেস্টাইনিকে হত্যা করেছে, করে যাচ্ছে। সেই ইসরায়েল আজকের দুনিয়ায় জঘন্যতম সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। বিএনপি সরকার উৎখাতের জন্য তাদের সঙ্গে হাত মিলিয়েছে। এটা অত্যন্ত লজ্জার।